৭০৪

দৈনিক ইত্তেফাক

তারিখ APR 1 3 1999
পৃষ্ঠা ১১ কলাম ৪

## শিক্ষা বার্তার উদ্যোগে গণিতের উপর ষ্টাডি গ্রুপ গঠিত

শিক্ষাবার্তা ও ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের কতিপয় শিক্ষকের এক সভা শুক্রবার গণিত বিভাগের চেয়ারম্যানঅধ্যাপক নূরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় গণিতের শিক্ষকদের পাঠদানের নানা সমস্যা বিশ্লেষণ করিয়া এক মাস অন্তর মাসের দ্বিতীয় শুক্রবারে ঢা,বি, গণিত বিভাগের ৩৩৩ নং রুমে শিক্ষকদের আলোচনাচক্র করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রথম আলোচনাচক্র 'লিনিয়ার প্রোগ্রাম' বিষয়ক অনুষ্ঠিত হইবে ১৪ জুন বিকাল ২টা ৩০মিঃ হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত। সভায় ঢা,বি, গণিত বিভাগের সহযোগিতায় আগামী ২৯ মে হইতে ৩ জুন পর্যন্ত এবং ৫ জুন হইতে ১০ জুন পর্যন্ত ৬ দিনব্যাপী উচ্চমাধ্যমিক পর্যায়ের গণিতের প্রাকটিক্যাল ও কম্পিউটারের প্রাথমিক কোর্সের ব্যবস্থা করা হইয়াছে। এই কোর্স নিয়মিত পরিচালনা এবং ষ্ট্যাডি গ্রুপ নিয়মিত পরিচালনার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক নূরুল ইসলামকে চেয়ারম্যান ও শিক্ষাবার্তা সম্পাদক এ,এন, রাশেদাকে সাংগঠনিক সম্পাদক করিয়া শিক্ষাবার্তা গণিত ষ্ট্যাডি গ্রুপের সাংগঠনিক কমিটি গঠন করা হইয়াছে। কলেজ পর্যায়ের যে কোন শিক্ষক মানিঅর্ডারযোগে ১০০ টাকা পাঠাইয়া ষ্ট্যাডি গ্রুপের সদস্য হইতে পারিবেন। ষ্ট্যাডি গ্রুপ ও কোর্সে অংশগ্রহণে আগ্রহীদের ২৭ এপ্রিলের মধ্যে শিক্ষাবার্তা সম্পাদক বরাবর ২৮/৫ বিশ্ববিদ্যালয় কোয়ার্টার্স ঢাকা এই ঠিকানায় নাম পাঠাইতে অনুরোধ জানান হইয়াছে। অগ্রহীদের কোন তারিখের কোর্সে অংশগ্রহণে ইচ্ছুক তাহা উল্লেখ করিতে হইবে। ৬ দিনব্যাপী কোর্স শুরু হইবে ২৯ মে। সকাল ৯টা হইতে ৫টা পর্যন্ত ক্লাস চলিবে। নিবন্ধন ৮:১৫ মিঃ—৮:৪৫ মিঃ।

—প্রেস বিজ্ঞপ্তি